দৈনিক সংবাদ 35
তারিখ 30 OCT 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

## উপ-আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা

# নিরক্ষরতা দূরীকরণে নেত্রকোনায় প্রশংসনীয় উদ্যোগ

॥ সুদীপ্ত দাস/জাফর তালুকদার ॥

নেত্রকোনা, ২৯শে অক্টোবর।– নেত্র–কোনা জেলার বিভিন্ন স্থানে উপ–আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার' মাধ্যমে 'ব্র্যাক' নিরক্ষরতা দূরীকরণে প্রশংসনীয় ভূমিকা রাখছে। ১৯৯৩ সাল থেকে এ পর্যন্ত দশ হাজারের মত শিশু কিশোরকে নিরক্ষরতার অভিশাপ থেকে আলো দেখানোর পাশাপাশি হাতে– কলমে দর্জি বিজ্ঞান, গবাদি পশু, হাঁস–মুরগী পালন ও সব্জি চাষের প্রশিক্ষণ দিচ্ছে। এমনকি এসব ক্ষেত্রে নামমাত্র সুদে প্রয়োজনীয় ঋণ দিয়ে আর্থ–সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণভূমিকারাখছে।

১৯৯৩ সালের জানুয়ারি মাসে শ্যামগঞ্জ এলাকায় প্রথম ব্র্যাকের কার্যক্রম শুরু করা হয়। একই বছর এপ্রিল মাসে স্কুলের কাজ শুরু হয়। যেসব এলাকায় শিশু–কিশোরদের শিক্ষার কোন সুযোগ নেই সেসব এলাকায় ব্র্যাকের স্কুল করা হয়। শিক্ষার যাবতীয় উপকরণ ব্র্যাক সরবরাহ করে থাকে। প্রতিটি স্কুলে একজন শিক্ষিকা থাকেন যিনি স্থানীয় একজন বিবাহিত মহিলা এবং কমপক্ষে নবম শ্রেণী পাস। নিজের কাজের অবসরে তিনি স্কুলে তিন ঘন্টা শিক্ষা দানের কাজ করেন। স্কুল পরিচালনা এবং অন্যান্য সুবিধার জন্য শিক্ষার্থীদের অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে দু'টি কমিটি গঠন করা হয়। এ কমিটির প্রধান কাজ সুষ্ঠুভাবে স্কুল পরিচালনা করা। এককথায় স্থানীয় লোকদের সর্বাত্মক সহায়তায় ব্র্যাক স্কুলের কার্যক্রম পরিচালিত হয়। পাঠের গুণগত মান বজায় রাখার জন্য মাসের প্রথমেই শিক্ষিকাদেরকে ডেকে পরবর্তী এক মাসের পাঠের জন্য তৈরি করে দেয়া হয়। নির্দেশিতভাবে স্কুল পরিচালিত হচ্ছে কিনা তা দেখা এবং শিক্ষিকার ভুলভ্রান্তি সংশোধনের জন্য প্রতিটি স্কুল সপ্তাহে দু'বার ব্র্যাকের একজন কর্মী পরিদর্শন করেন। তাছাড়া সংশ্লিষ্ট অফিস প্রধান ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা নিয়মিত "সারপ্রাইজ" ভিজিট করেন। এ ছাড়াও রয়েছেমনিটরিংব্যবস্থা।

স্কুলগৃহ আকর্ষণীয় করার জন্য প্রতিটি স্কুল সাজানো গোছানো এবং পরিষ্কার পরিচ্ছন্ন থাকে। পড়াশুনার পাশাপাশি সার্বিক বিকাশের জন্য রয়েছে সহপাঠ ক্রমিক ব্যবস্থা। যেমন কোরান তেলাওয়াত, শরীরচর্চা, ঘরে বসে খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও দেয়াল পত্রিকা।

ব্র্যাক পরিচালিত স্কুলসমূহ দু'ভাগে বিভক্ত। এনএফপিই এবং কিশোর–কিশোরী। ৮ থেকে ১০ বছর বয়সী শিক্ষার্থীরা এনএফপিই এবং ১০ থেকে ১৫ বছর বয়সী শিক্ষার্থীরা কিশোর–কিশোরী স্কুলে পড়াশুনা করে। অত্র এলাকায় প্রথমে ৭০টি স্কুলের কাজ শুরু করা হয়। এর মধ্যে ৪৫টি এনএফপিই এবং ২৫টি কিশোর–কিশোরী। ১৯৯৩ সালের নভেম্বর মাসে পূর্বধলা থানায় আরো ২০টি স্কুল খোলা হয়। ১৯৯৫ সালের সেপ্টেম্বর মাসে আরো ১৫টি স্কুল খোলা হয়। ১৯৯৬ সালের ফেব্রুয়ারি ও মার্চ মাসে মোট ৭২টি স্কুলের প্রথম কোর্স শেষ হয়। এ স্কুলসমূহ থেকে ৬০২ জন ছাত্র ও ১৩৮৭ জন ছাত্রী মোট ১৯৮৯ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করে। এর মধ্যে ব্র্যাক স্কুলের কোর্সশেষে বিভিন্ন প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে ১০৮৯ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। এরপর ১৯৯৬ সালের এপ্রিল মাসে পুনরায় ৪১টি স্কুল খোলা হয়। ফলে শ্যামগঞ্জ এলাকায় বর্তমানে ৭০টি স্কুল রয়েছে। এসব স্কুলে ২২৮০ জন (ছাত্র ৬৮৩+ছাত্রী ১৫৯৭) শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছে।

১৯৯৪ সালের অক্টোবর মাসে জেলার বেখৈরহাটিতে ব্র্যাকের কার্যক্রম শুরু হয়। বেখৈরহাটি টিম অফিসের অধীন কেন্দুয়া থানার ২টি, সদর থানার ৩টি এবং গৌরীপুর (ময়মনসিংহ) থানার ২টি মোট ৭টি ইউনিয়নে ৪০টি এনএফপিই এবং ২০টি কিশোর–কিশোরী স্কুল খোলা হয়। এ ৬০টি স্কুলে মোট ১৯২০ জন ছাত্রছাত্রী পড়াশুনা করছে।

এছাড়া চলতি বছর জানুয়ারি মাসে নেত্রকোনা জেলা সদর ও কেন্দুয়া থানায় এনএফপিই কার্যক্রম শুরু করা হয়। এপ্রিল মাসে সদর থানার ৪টি ইউনিয়নে ২০টি স্কুল খোলা হয়। ২০টি স্কুলে মোট ৬০০ ছাত্রী শিক্ষা গ্রহণ করছে। একই মাসে কেন্দুয়া থানায় ২০টি কিশোর–কিশোরী স্কুল খোলা হয়। এখানেও ৬০০ ছাত্রছাত্রী পড়াশুনা করছে।

কিশোর–কিশোরী স্কুলের কোর্স শেষ করার পর শিক্ষার্থীদেরকে উচ্চ বিদ্যালয়ে ভর্তি করা হয়। শিক্ষার্থীদের পাঠাভ্যাস বজায় রাখার জন্য খোলা হয় ব্র্যাক পাঠাগার। কোন কারণে পাঠাগার করা সম্ভব না হলে পাঠকেন্দ্র খোলা হয়। ব্র্যাকের শ্যামগঞ্জ টিম অফিসের অধীনে ৯টি পাঠাগার ও ৩৭টি পাঠকেন্দ্র রয়েছে। একজন শিক্ষিকার পরিচালনায় এসব পাঠাগার ও পাঠকেন্দ্রে ৬৩২ জন পাঠক–পাঠিকা সপ্তাহে একদিন দুই ঘন্টা পড়াশুনা করে। এ ছাড়া এসব পাঠাগারে রয়েছে প্রশিক্ষণ ও হাতে–কলমে কাজ শেখানোর ব্যবস্থা। যেমন-- দর্জি বিজ্ঞান, গবাদি পশু ও হাঁস–মুরগি পালন, সব্জি চাষ ইত্যাদি। এছাড়া সহজ শর্তে নামমাত্র সুদে ঋণ দিয়েও সহযোগিতা করার কাজ শুরু হয়েছে।

ব্র্যাক নেত্রকোনা ও শ্যামগঞ্জ টিম অফিসের টিম ইনচার্জ মাখন বড়াল জানান, এলাকার লোকদের সহায়তায় এলাকায় প্রোগ্রাম শুরু হয়ে সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে এবং বর্তমানে এলাকার লোকজনের আগ্রহ ও অংশগ্রহণ আরো ব্যাপক ও স্বতস্ফূর্ত।



*নেত্রকোনা ঃ ব্র্যাকের একটি পাঠাগারে শিশু–কিশোরদের দেখা যাচ্ছে।*
*ছবিঃসুদীপ্ত দাস।*